



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

মোবাইল নং +৮৮০১৭৭৪৮৩৭৪২৩

ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, govtcitycollegectg1954@gmail.com

ওয়েব সাইট : www.gccc.edu.bd.

বিজ্ঞপ্তি

তারিখ : ১৯/০১/২০২৫

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ডিগ্রি (পাস) বিএ/বিএসএস/বিএসসি/বিবিএস (দিবা ও বৈকালিক) ১ম রিলিজ স্লিপের মেধাতালিকায় মনোনীত সকল ছাত্র-ছাত্রীকে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী তাদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

ছাত্র-ছাত্রীদের করণীয় :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের website (www.nu.edu.bd/admissions) হতে ভর্তি ফরম Download করে (A4 সাইজের অফসেট সাদা কাগজে) প্রিন্ট করতে হবে।
- কলেজের ওয়েব সাইটে www.gccc.edu.bd এর Admission মেন্যু হতে New Admission সাব-মেন্যু হতে Degree Admission এ ক্লিক করে ২০/০১/২০২৫ বিকাল ০৩:০০টা থেকে শিক্ষার্থীর ভর্তির আবেদনের রোল, শিফট, বিভাগ নির্বাচন করে শিক্ষার্থীর তথ্য ফরম পূরণ করবে।
- শিক্ষার্থীর তথ্য ফরম পূরণ করার পর শিক্ষার্থী Next বাটনে ক্লিক করে Payment এ নির্ধারিত প্রক্রিয়ায় একপে [বিকাশ/নগদ/ডাচ বাংলা(রকেট/নেস্লাস পে)/অন্যান্য] -এর মাধ্যমে নিম্নোক্ত পরিমাণ ফি পরিশোধ করে ভর্তি ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করবে [উক্ত পেমেন্ট নিজস্ব একাউন্ট হতে অথবা সংশ্লিষ্ট একপে [বিকাশ/নগদ/ডাচ বাংলা(রকেট/নেস্লাস পে)/অন্যান্য] এজেন্ট-এর মাধ্যমে প্রদান করা যাবে।]

ফি এর পরিমাণ

| বিভাগ | টাকার পরিমাণ | ফি পরিশোধের মাধ্যম |
|---|--------------|---|
| বি.এ/বি.এস.এস/বি.বি.এস(পাস) দিবা ও বৈকালিক শাখা | ৩,২৮৭/- | একপে [বিকাশ/নগদ/ডাচ বাংলা(রকেট/নেস্লাস পে)/অন্যান্য]- এর মাধ্যমে পরিশোধ যোগ্য। |
| বি.এসসি (পাস) | ৩,৩৮৭/- | |

****অমুসলিম শিক্ষার্থীর নির্ধারিত ফি থেকে ৫০/- (পঞ্চাশ) টাকা কম প্রদান করবে।**

- Payment Complete হবার পর কলেজের ওয়েব সাইট (www.gccc.edu.bd) হতে পূরণকৃত কলেজ ফরম ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের Download করা ফরম দুটির (A4 সাইজের অফসেট সাদা কাগজে) প্রিন্টআউট বের করে যাবতীয় কাগজপত্র নিম্নোক্ত স্থান ও সময়ে জমা দিয়ে ভর্তি নিশ্চিত করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে ভর্তি নিশ্চয়ন হবে না এবং এজন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

| তারিখ | সময় | শিফট | গ্রুপ | স্থান |
|------------|---|---------|-------------------------------|---|
| ২৩/০১/২০২৫ | সকাল ১০:০০টা থেকে দুপুর ১২:৩০টা পর্যন্ত | দিবা | বি.এ (পাস) | প্রশাসনিক কাম একাডেমিক ভবন-১, ৫ম তলা, কক্ষ নং ১৫০১ |
| | সকাল ১০:০০টা থেকে দুপুর ১২:৩০টা পর্যন্ত | | বি.এস.এস/বি.এসসি (পাস) | |
| | সকাল ১০:০০টা থেকে দুপুর ১২:৩০টা পর্যন্ত | | বি.বি.এস(পাস) | |
| | সকাল ১০:০০টা থেকে দুপুর ১২:৩০টা পর্যন্ত | বৈকালিক | বি.এ | একাডেমিক ভবন-৪, ৪র্থ তলা, বৈকালিক শাখা, কক্ষ নং ৪৪০২ |
| | সকাল ১০:০০টা থেকে দুপুর ১২:৩০টা পর্যন্ত | | বি.এস.এস (পাস)/বি.বি.এস (পাস) | |

➤ কলেজের ওয়েব সাইটে (www.gccc.edu.bd) হতে ফরম পূরণের নিয়মাবলি :

- সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম-এর ওয়েবসাইট www.gccc.edu.bd এ প্রবেশ করতে হবে।
- ওয়েবসাইট-এ যাওয়ার পর Menu Bar হতে Payment মেন্যুতে ক্লিক করতে হবে।
- তারপর Degree(Pass) ট্যাব হতে Active Event-এ Day অথবা Evening Section (যার যেটি প্রযোজ্য) এর **Apply Now** বাটনে ক্লিক করতে হবে।
- Department/Group এর ড্রপ ডাউন বাটন হতে BA/BSS/BSc/BBS সিলেক্ট করবে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদনে প্রদত্ত Admission Roll লিখে Verify এ Click করতে হবে।
- এরপর Next এ Click করতে হবে। যে ফরম আসবে, তার তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করবে এবং পাসপোর্ট সাইজের ছবি স্ক্যান করে (ছবি সাইজ সর্বোচ্চ 100kb) আপলোড করবে। H.S.C -তে যে সকল বিষয়ে অধ্যয়ন করবে সে সকল বিষয়সমূহ গোল বৃত্তে Click করে বিষয় নির্বাচন করবে।
- Save করার পূর্বে তথ্য সঠিক আছে কিনা তা দেখতে হবে। একবার Save করার পর ছাত্র-ছাত্রীরা তাদের তথ্য আর পরিবর্তন করতে পারবে না।
- এরপর Save বাটনে ক্লিক করলে Payment Gateway (Ekipay) দেখাবে। এখান থেকে বিকাশ/নগদ/ডাচ বাংলা(রকেট/নেস্লাস পে)/অন্যান্য অপশন সিলেক্ট করে Payment কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- Payment কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার পর Submit বাটনে ক্লিক করে তথ্য সংরক্ষণ করবে এবং তিন কপি প্রিন্ট নিতে হবে।

ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র :

- অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের পূরণকৃত ভর্তি ফরমের প্রিন্টেড কপি ও ১ সেট ফটোকপি।
- ভর্তির প্রাথমিক আবেদন ফরমের মূল প্রবেশপত্র।
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরফর্দ।
- ১টি বড়খাম (১০" x ১৪") এবং নিজ ঠিকানা ও মোবাইল নম্বর সম্বলিত ১টি ছোটখাম (৪" x ১০")।
- পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি।

বি.দ্র. যাদের এসএসসি ও এইচএসসি'র মূল নম্বরফর্দ নাই তাদের ভর্তি ফি জমা দেওয়ার প্রয়োজন নেই। ফি জমা দিলেও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে না। এ ব্যাপারে কোনোপ্রকার সুপারিশ গ্রহণযোগ্য নয়।

#19.1.25
প্রফেসর আবু হালেহ মোহাম্মদ নঈম উদ্দীন
অধ্যক্ষ
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

আস্থায়ক
১ম বর্ষ স্নাতক (পাস)
বিএ/বিএসএস/বিএসসি ভর্তি কমিটি (দিবা)
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

আস্থায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) বিবিএস ভর্তি কমিটি
(দিবা)
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।

১৯/০১/২০২৫
আস্থায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি
(বৈকালিক)
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম।